



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

অর্থনীতি বিভাগের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০১৮' অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে ১৩তম ব্যাচের 'নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০১৮' ৬ মার্চ-২০১৮, মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন সামাজিক বিজ্ঞান অনুষদের অধ্যাপক ড. ফরিদা আক্তার খানম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান এবং সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন ও অর্থনীতি বিভাগের শিক্ষক অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল।



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন ‘নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০১৮’ উদযাপন কমিটির আহবায়ক অধ্যাপক ড. হাবিবুর রহমান। এছাড়াও নবীনবরণ বক্তা হিসেবে বক্তব্য প্রদান করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ইউজিসি প্রফেসর ড. মইনুল ইসলাম।

এসময় ১৩তম ব্যাচের সিলেবাস এবং নবীনবরণ অনুষ্ঠান উপলক্ষে প্রকাশিত স্মরণিকার মোড়ক উন্মোচন করা হয়। ২০১৬ সালে স্নাতক পর্যায়ে অনুষদ ভিত্তিক সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্তির ভিত্তিতে প্রধানমন্ত্রীর স্বর্ণপদকপ্রাপ্ত অর্থনীতি বিভাগের মাসুম বিল্লাহ পাটোয়ারী নবীনদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে ১২তম ব্যাচের শিক্ষার্থীরা ১৩তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে। অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।